**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১২/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১০ ডিসেম্বর ২০১৭, ২৬ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাধা আসবে, তা পেরিয়ে এগিয়ে যেতে হবে : বেগম রোকেয়া পদকপ্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। জাঁকজমকপূর্ণ আয়োজনে শেষ হলো ডিজিটাল ওয়ার্ল্ড
বাজেটে ইন্টারনেটের দাম কমানোর আশ্বাস অর্থমন্ত্রীর

৩। সমুদ্রসম্পদ আহরণে সবপক্ষের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন : আলোচনাসভায় বক্তারা

৪। বিশ্বের সর্ববৃহৎ বার্ন ইনস্টিটিউট উদ্বোধন আগামী বছর : স্বাস্থ্যমন্ত্রী

৫। সংবিধান অনুযায়ীই আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে : পৃথক অনুষ্ঠানে আইন ও স্বরাষ্ট্রমন্ত্রী

৬। আজ আন্তর্জাতিক মানবাধিকার দিবস ও জাতীয় ভ্যাট দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৭। চলতি অর্থবছরের প্রথম ৫ মাসে রফতানি আয় লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে

৮। ভোলায় আরেকটি গ্যাসকূপ খননকাজ উদ্বোধন

৯। শতাধিক প্রতিবন্ধী চাকরি পেলেন : বিজিএমইএ'র ব্যতিক্রমী উদ্যোগ

১০। রাজধানীসহ সারাদেশে বৃষ্টি, সাগরে নিম্নচাপ : সমুদ্রবন্দরসমুহকে ৩নং সতর্কতা সংকেত

চলমান পাতা-২

১। **বাধা আসবে, তা পেরিয়ে এগিয়ে যেতে হবে : বেগম রোকেয়া পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজস্ব মেধাশক্তি এবং ক্ষমতার ওপর আস্থা রাখার জন্য দেশের নারী সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, নারী ও পুরুষ উভয়ে মিলেই দেশকে উন্নত-সমৃদ্ধ করে গড়ে তুলতে হবে। প্রধানমন্ত্রী গতকাল (৯ ডিসেম্বর শনিবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে রোকেয়া দিবস ও রোকেয়া পদক-২০১৭ বিতরণ উপলক্ষে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। তিনি বলেন, চলার পথে নানা বাধা থাকে, বাধা আসবেই, সেই বাধাকে অতিক্রম করে আমাদের নারীদের এগিয়ে যেতে হবে। নারীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, সকলের উচিত সমাজে যারা একেবারে অবহেলিত জনগোষ্ঠী, তাদের পাশে দাঁড়ানো এবং তাদের মাঝে আত্মবিশ্বাস তৈরি করা এবং তাদের সহযোগিতা করা। এবার বেগম রোকেয়া পদক-২০১৭ পেয়েছেন সাংবাদিক বেবী মওদুদ (মরণোত্তর), চিত্রশিল্পী সুরাইয়া রহমান, লেখক শোভা রানী ত্রিপুরা, সংগঠক মাজেদা শওকত আলী, সমাজকর্মী মাসুদা ফারুক রত্না। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

২। **জাঁকজমকপূর্ণ আয়োজনে শেষ হলো ডিজিটাল ওয়ার্ল্ড**
**বাজেটে ইন্টারনেটের দাম কমানোর আশ্বাস অর্থমন্ত্রীর**

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আয়োজিত দেশের সবচেয়ে বড় তথ্যপ্রযুক্তি প্রদর্শনী ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ গতকাল (৯ ডিসেম্বর শনিবার) শেষ হয়েছে। জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে পঞ্চমবারের মতো আয়োজিত চারদিনব্যাপী এ প্রদর্শনীর গতকাল ছিল শেষ দিন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সভাপতিত্বে গতকাল সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সমাপনী বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, তরুণদের কথা চিন্তা করে ইন্টারনেটের দাম কমানো হতে পারে। অনুষ্ঠানে ভুটানের তথ্য ও যোগাযোগমন্ত্রী দিনা নাথ ডঙ্গায়েল; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমেদ উপস্থিত ছিলেন। সমাপনী দিনে তথ্যপ্রযুক্তিখাতে অবদানের জন্য ১১ বিভাগে ৪০ জনকে পুরস্কৃত করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **বণিক বার্তা** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

৩। **সমুদ্রসম্পদ আহরণে সবপক্ষের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন : আলোচনাসভায় বক্তারা**

বাংলাদেশের সমুদ্রসীমা সম্পদ ও জীববৈচিত্র্যে ভরপুর হলেও বিনিয়োগ ও দক্ষতার অভাবে এ সম্পদের সামান্যই অর্থনীতিতে যোগ হচ্ছে। সম্ভাবনাময় এ খাতের বিস্তৃত সম্পদ অর্থনীতিতে যোগ করতে দরকার আরও দক্ষ জনশক্তি ও বিনিয়োগ। সরকার, বেসরকারিখাত ও গবেষকদের সম্মিলিত উদ্যোগে তা করা গেলে দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত হবে। গতকাল (৯ ডিসেম্বর শনিবার) 'সমুদ্র অর্থনীতি : বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক এক আলোচনাসভায় বক্তারা এমন মতামত দিয়েছেন। রাজধানীর শিশু একাডেমিতে এ আলোচনাসভায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সমুদ্রবিষয়ক ইউনিটের সচিব রিয়াল অ্যাডমিরাল (অব) খোরশেদ আলম। তিনি বলেন, গত বছর বঙ্গোপসাগর থেকে ৮০ লাখ টন মাছ ধরেছে বাংলাদেশসহ ভারত, শ্রীলংকা ও মিয়ানমার। এর মধ্যে বাংলাদেশের অংশে মাত্র ৯৮ হাজার টন। প্রধান অতিথি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, বাংলাদেশ স্থলসীমা খুবই ভালোভাবে ব্যবহার করেছে; কিন্তু জলসীমা থেকে উৎপাদন বাড়ানো যায়নি। সমুদ্রসম্পদ আহরণে সবপক্ষের সম্মিলিত উদ্যোগ নিতে হবে বলে উল্লেখ করেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৪। **বিশ্বের সর্ববৃহৎ বার্ন ইনস্টিটিউট উদ্বোধন আগামী বছর : স্বাস্থ্যমন্ত্রী**

বিশ্বের সর্ববৃহৎ ৫শ' শয্যার শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট আগামীবছর ২০১৮ সালের সেপ্টেম্বরে উদ্বোধন করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (৯ ডিসেম্বর শনিবার) রাজধানীর চানখারপুলে ইনস্টিটিউটের নির্মাণ কাজ পরিদর্শনশেষে তিনি এ তথ্য জানান। এটি দগ্ধ রোগীদের

সুচিকিৎসার পাশাপাশি প্রয়োজনীয় বিশেষজ্ঞ জনবল তৈরিতে অবদান রাখবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.২), **ডেইলি সান** ( পৃ.৩,ক.৭)।

**৫। সংবিধান অনুযায়ীই আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে : পৃথক অনুষ্ঠানে আইন ও স্বরাষ্ট্রমন্ত্রী**

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, সংবিধানের কোনো পরিবর্তন ছাড়াই আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে। রাজনৈতিক দলসমুহকে নির্বাচনে আসতে হলে প্রচলিত আইন মেনেই নির্বাচনে আসতে হবে। গতকাল (৯ ডিসেম্বর শনিবার) রাজধানীর গুলিস্তানে মহানগর নাট্যমঞ্চে দলিল লেখক সমিতি আয়োজিত কেন্দ্রীয় কাউন্সিল উদ্বোধনকালে আইনমন্ত্রী এসব কথা বলেন। উন্নয়নকাজ এগিয়ে নিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার জন্য দলিল লেখকদের প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)।

অপর এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী যথাসময়ে যথানিয়মেই অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন তার নিজস্ব গতিতে নির্বাচন পরিচালনা করবে। এক্ষেত্রে নিরাপত্তাবাহিনী তাদের সার্বিক সহযোগিতা করবে। গতকাল (৯ ডিসেম্বর শনিবার) ভোলার লালমোহন উপজেলায় এক জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮)।

**৬। আজ 'আন্তর্জাতিক মানবাধিকার দিবস' ও 'জাতীয় ভ্যাট দিবস' : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ (১০ ডিসেম্বর রোববার) আন্তর্জাতিক মানবাধিকার দিবস। ১৯৫০ সালে এই দিনটিকে জাতিসংঘ আন্তর্জাতিক মানবাধিকার দিবস হিসেবে ঘোষণা করে। সেই থেকে বিশ্বজুড়ে এ দিনটি পালিত হচ্ছে। আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উদ্‌যাপনে দিনব্যাপী কর্মসূচি পালন করবে জাতীয় মানবাধিকার কমিশন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

'ভ্যাট দিচ্ছে জনগণ দেশের হচ্ছে উন্নয়ন' এই স্লোগানকে প্রতিপাদ্য করে আজ (১০ ডিসেম্বর রোববার) দিনব্যাপী বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে পালিত হবে জাতীয় ভ্যাট দিবস। সকাল সাড়ে ৭টায় জাতীয় রাজস্ব বোর্ডের সামনে থেকে র‌্যালির মধ্য দিয়ে ভ্যাট দিবসের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হবে। এবারের ভ্যাট দিবসের অন্যতম আয়োজন হলো ভ্যাট অনার কার্ড প্রদান। নিয়মিত ভ্যাট প্রদানকারী প্রতিষ্ঠানকে সম্মাননা হিসেবে ভ্যাট অনার কার্ড দেওয়া হবে। এছাড়া, ১৪৯ প্রতিষ্ঠান পাবে সেরা ভ্যাটদাতার সম্মান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.২)।

**৭। চলতি অর্থবছরের প্রথম ৫ মাসে রফতানি আয় লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে**

চলতি অর্থবছরের প্রথম পাঁচ মাসে (জুলাই-নভেম্বর) দেশের পণ্য রফতানি আয় হয়েছে এক হাজার ৪৫৬ কোটি ২৯ লাখ মার্কিন ডলার, যা আলোচিত সময়ে লক্ষ্যমাত্রার চেয়ে শূন্য দশমিক ৭২ শতাংশ বেশি। এ সময়ে লক্ষ্যমাত্রা ছিল এক হাজার ৪৪৫ কোটি ৯০ লাখ মার্কিন ডলার, যা গত অর্থবছরের একই সময়ের তুলনায় ৬ দশমিক ৮৬ শতাংশ বেশি। গত অর্থবছরের একই সময়ে এ আয়ের পরিমাণ ছিল ১ হাজার ৩৬২ কোটি ৮৪ লাখ ডলার। রফতানি উন্নয়ন ব্যুরোর সর্বশেষ পরিসংখ্যানে এ তথ্য প্রকাশিত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭)।

**৮। ভোলায় আরেকটি গ্যাসকূপ খননকাজ উদ্বোধন**

ভোলার শাহবাজপুরে নতুন আরও একটি গ্যাসকূপের খনন কাজ শুরু হয়েছে। গতকাল (৯ ডিসেম্বর শনিবার) ভোলা সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়নের মাঝিরহাট এলাকায় 'ভোলা নর্থ-১' নামের এ নতুন কূপ খনন কার্যক্রমের উদ্বোধন করেন জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজিম উদ্দিন চৌধুরী। গত ৬ আগস্ট ভোলার বোরহানউদ্দিনে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ শাহবাজপুর ইস্ট-১ অনুসন্ধান কূপ খনন কাজের উদ্বোধন করেন। খননশেষে ওই কূপে গ্যাসের সন্ধান পাওয়া গেছে। ডিএসপি পরীক্ষার মাধ্যমে ভূগর্ভস্থ দুটি স্তরে প্রতিদিন যথাক্রমে ২৫ এমএমসিএফ ও ২০ এমএমসিএফ গ্যাস উত্তোলন করা যাবে। এর ধারাবাহিকতায় গতকাল ভোলা নর্থ-১ কূপ খনন কাজের উদ্বোধন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

**৯।	শতাধিক প্রতিবন্ধী চাকরি পেলেন : বিজিএমইএ’র ব্যতিক্রমী উদ্যোগ**

‘প্রতিবন্ধিতা নয়, সক্ষমতাই হোক নিয়োগের মাপকাঠি’ এই স্লোগানে বাংলাদেশ বিজনেস অ্যান্ড ডিজঅ্যাবিলিটি নেটওয়ার্ক ক্যাম্পেইন ফর এডুকেশন ও অ্যাক্সেস বাংলাদেশ ফাউন্ডেশন যৌথভাবে বিজিএমইএ ভবনে প্রতিবন্ধীদের জন্য ব্যতিক্রমী এ চাকরি মেলার আয়োজন করে। গতকাল (৯ ডিসেম্বর শনিবার) দিনব্যাপী এই মেলা বসে। নিয়োগকর্তা আর চাকরিপ্রার্থী উভয়ের এক মেলবন্ধন ছিল এই চাকরিমেলা। মেলায় ২০ কোম্পানি তাদের বুথে এই সেবা দিচ্ছেন। যাদের সংক্ষিপ্ত ইন্টারভিউ নেয়া হচ্ছে তাদের পরবর্তীতে তথ্য জানিয়ে দেয়া হবে বলেও জানানো হয়। এছাড়া মেলায় ৮০ জনের হাতে বিভিন্ন প্রতিষ্ঠানের বিভিন্ন পদে চাকরির নিয়োগপত্র তুলে দেয়া হয়। প্রতিবন্ধীদের কর্মসংস্থান সৃষ্টি করাই এ চাকরি মেলার অন্যতম উদ্দেশ্য। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**১০।	রাজধানীসহ সারাদেশে বৃষ্টি, সাগরে নিম্নচাপ : সমুদ্রবন্দরসমুহকে ৩নং সতর্কতা সংকেত**

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কারণে দেশের সমুদ্রবন্দরসমূহে তিন নম্বর স্থানীয় সতর্কতা সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। রাজধানীসহ সারাদেশে চলমান বৃষ্টিপাত মাঝারি থেকে ভারি বর্ষণ হয়ে আগামীকাল (১১ ডিসেম্বর সোমবার) পর্যন্ত অব্যাহত থাকবে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

## সম্পাদকীয়

ক.	**সংবাদ :** দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করতে সংখ্যালঘুদের ওপর হামলা ও নির্যাতনকারীদের কঠোর শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

খ.	**জনকণ্ঠ :** গণপরিবহন নারীবান্ধব করে নারীর চলাচলে নিরাপত্তা প্রদানের ওপর গুরুত্বারোপ।

গ.	**সমকাল :** সিটি করপোরেশনের সংস্কার কাজ করতে গিয়ে রাষ্ট্রায়ত্ত টেলিযোগাযোগ প্রতিষ্ঠান বিটিসিএলের একটি কোর ক্যাবল কাটা পড়ায় রাজধানীসহ দেশের বিভিন্ন অংশের কয়েক লাখ ল্যান্ডফোন বিকল হওয়ার ঘটনা যাতে আর না ঘটে, সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

ঘ.	**যুগান্তর, যায়যায়দিন :** ক্রমাগত পেঁয়াজের মূল্যবৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

ঙ.	**ইত্তেফাক :** প্রাথমিক হতে শুরু করে উচ্চ মাধ্যমিক পর্যন্ত উপবৃত্তি প্রদানের হার উদ্বেগজনকভাবে কমে যাওয়ার কথা উল্লেখ করে উন্নয়নের ধারাকে টেকসই করতে উপবৃত্তি খাতে বাজেটে বরাদ্দ বৃদ্ধি করার সুপারিশ।

চ.	**ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে কম্পিউটার, স্মার্ট ফোন ও ইন্টারনেটের ব্যবহার ব্যাপকভাবে বেড়ে যাওয়ায় সোশ্যাল মিডিয়াতে সাইবার অপরাধ ও অপপ্রচাররোধে শক্তিশালী সোশ্যাল মিডিয়া মনিটরিং মেকানিজম গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ.	**ডেইলি সান :** গুরুত্বপূর্ণ পদে কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ লোকবলের অভাবে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট সুষ্ঠুভাবে কার্যসম্পাদন করতে না পারায় অতিদ্রুত কাঙ্ক্ষিত লোকবল নিয়োগ দেওয়ার সুপারিশ।

জ.	**ডেইলি স্টার :** দেশের ই-বর্জ্যের রিসাইক্লিং শিল্পকারখানাকে ফরমাল সেক্টরে অন্তর্ভুক্ত করে এ ব্যাবসা বৃদ্ধিতে সরকারি কর্তৃপক্ষকে এ খাতে পর্যাপ্ত আর্থিক প্রণোদনা দেওয়ার আহ্বান।

ঝ.	**নিউজ টুডে :** জুন ২০১৮ থেকে সর্বক্ষেত্রে এনআইডি’র পরিবর্তে স্মার্ট এনআইডি’র প্রচলন শুরু করার পূর্বে স্মার্ট এনআইডিসংক্রান্ত সব সমস্যার দ্রুত সমাধানের সুপারিশ।

ঞ.	**নিউ এজ :** দেশে প্রতিবছর প্রায় ৪০ থেকে ৫০ হাজার বিদ্যুৎ ট্রান্সফরমার নষ্ট হওয়ার পরিপ্রেক্ষিতে সরকারি সম্পদের বিরাট অপচয় প্রতিরোধে বিদ্যুৎখাতের এ সংশ্লিষ্ট কর্মকর্তাদের অধিক দায়িত্ববান হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নির্বাচন কমিশনের ওপর জনগণের আস্থা বাড়াতে কমিশনকে পুরোপুরি নিরপেক্ষ ভূমিকা পালন করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সবার জন্য চাই মানবাধিকার'** শিরোনামের নিবন্ধে ক্ষুধা, দারিদ্র্য, নিরক্ষরতা, দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে জয়ী হতে হলে সমাজের সর্বত্র মানবাধিকার ও সুশাসন প্রতিষ্ঠা করতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘন্টা/২০১৭